বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৭০

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

Japan External Trade Organization (JETRO) ও The Japan-Bangladesh Committee for Commercial and Economic Co-operation (JBCCEC) এর সহযোগিতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে জাপানের দি ওয়েস্টিন টোকিওতে ২৭ এপ্রিল ২০২৩ তারিখ সকাল ১০:০০ থেকে দুপুর ১২:০০ ঘটিকায় "Trade & Investment opportunities between Bangladesh and Japan" শীর্ষক একটি সামিট আয়োজন করা হয়। উক্ত সামিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং উদ্বোধন করেন। উল্লেখ্য যে, বৈশ্বিক বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বাংলাদেশে বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট এর আয়োজন করা হচ্ছে। সেই প্রেক্ষিতে জাপানের টোকিওতে উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকষনীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে জাপানের বিনিয়োগকারীদের নিকট তুলে ধরা।

এই সামিটটি বাংলাদেশ ও জাপানের মধ্যে অংশীদারিত্ব জোরদার করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। উদ্বোধনী অধিবেশনে শেখ হাসিনা জাপানের সহযোগিতার বাংলাদেশের মেগা প্রজেক্ট বাস্তবায়নের জন্য জাপানের জনগণ ও সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি জাপানের বিনিয়োগকারীদের বাংলাদেশে গড়ে তোলা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে ব্যবসা করার ক্ষেত্রে বিশেষ সুবিধা পাওয়ার সুযোগ রয়েছে উল্লেখ করে বিনিয়োগের প্রস্তাব দেন।

বিএসইসির চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম তার বক্তব্যে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রা এবং সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন। একইসাথে পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্তে বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করেন। উক্ত অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্যের পর একটি উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়, যেখানে প্যানেলিস্টগণ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশে বিনিয়োগের সম্ভাব্যতা তুলে ধরেন।

এছাড়াও, উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং Financial Services Agency of Japan (FSA) এর মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদার করার লক্ষ্যে একটি EoL (Exchange of Letters) বিনিময়সহ সর্বমোট ১১টি সমঝোতা স্মারক বিনিময় হয়। জাপানে সফল এই সামিট আয়োজনের ফলশ্রুতিতে বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ প্রত্যাশা করেন।

27-04-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd